নবজোয়ারের চাপে পরীক্ষা বাতিল করা হল বাঁকুড়ার রামানন্দ কলেজে

অনিরুদ্ধ সরকার, বাঁকুড়া, ২২ মে ঃ অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নবজোয়ারের চাপে পরীক্ষা পিছিয়ে গেছে বাঁকুড়ার রামানন্দ কলেজে। অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নিরাপত্তায় থাকা পুলিশের থাকার ব্যবস্থা করা হয়েছে সেই কলেজে। সোমবার বাঁকুড়া থেকে ফের নবজোয়ার কর্মসূচি চালু করলেন অভিষেক। বাঁকুড়া এলাকায় আঁটোসাঁটো পুলিশি নিরাপত্তা। প্রসঙ্গত, নোটিশ দিয়ে কলেজ কর্তৃপক্ষের তরফে জানানো হয়েছে ২২ ও ২৩ মে তারিখের পরীক্ষা পিছিয়ে দেওয়া হয়েছে। কারণ হিসেবে কলেজেই পুলিশের থাকার ব্যবস্থা হয়েছে। পুলিশের দখলে রামানন্দ কলেজ। আজ ও আগামীকালের পরীক্ষা পিছিয়ে গেছে। এ নিয়ে রাগে ফুঁসছেন অভিভাবকরা। এক অভিভাবক বলেন, কেন পরীক্ষা বাতিলের সিদ্ধান্ত নেওয়া হয়েছে আমরা জানি। গরমের ছুটি চলছে স্কুলগুলি বন্ধ, যেতে পারত। ওনার নবজোয়ার না ক্ষতির জোয়ার আসছে। ভিড় বাড়াতে হবে উনি আসছেন পরীক্ষা বন্ধ করে এদের সকলকে নিয়ে ভিড় বাড়ানো হবে। তবে এখানেই কেন পুলিশকে রাখার ব্যবস্থা করা হল এই নিয়ে উঠছে প্রশ্ন। এর আগে কলেজের প্রিন্সিপালকে নিয়ে চর্চা শুরু হয়েছে। তৃণমূলের প্রতিষ্ঠা দিবসে পতাকা তুলে কেক কেটে খাওয়ানো হয়েছিল। সেখানে উপস্থিত এক ব্যক্তির কথায়, ডাকাত বিষ্ণুপুরের মাটি কলুষিত করতে আসছে। তিনি দু'হাজার পুলিশ ছাড়া রাস্তায় নামেন না। সাধারণ মানুষের ভয়েই অভিষেক একা আসেন না। কলেজের তৃণমূল নেত্রী প্রিন্সিপাল তাদের অতিথি অ্যাপায়ণের জন্য দায়িত্ব নিয়েছে। প্রিন্সিপাল জানান, পুলিশের থাকার ব্যবস্থার জন্যই পরীক্ষা পিছিয়েছে। সব টিচারদের নিয়ে বৈঠক করে পরবর্তী পরীক্ষার দিন ঘোষণা করা হবে। আজকালের মধ্যেই নতুন নোটিশ দেওয়া হবে। বুধবার দিনের পরীক্ষা নির্দিষ্ট সময় মেনেই হবে। প্রসঙ্গত, এর আগে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের জেলা সফর কালে গত ১৭ ফেব্রুয়ারি বাঁকুড়া বিশ্ববিদ্যালয়ের তরফে একইভাবে 'আণ্ডার গ্র্যাজুয়েট' ও 'পোষ্ট গ্র্যাজুয়েট' প্রথম বর্ষের পরীক্ষা

'বাতিল' করা হয়েছিল। এই বিষয়ে বিষ্ণুপুর সাংগঠনিক জেলা বিজেপির সহ সভাপতি দেবপ্রিয় বিশ্বাস পরীক্ষা বন্ধের বিষয়ে প্রশ্ন তুলে বলেন, স্কুল গুলিতে গ্রীষ্মের ছুটি চলছে, সেখানে পুলিশ কর্মীদের রাখা যেত না? রামানন্দ কলেজের এই ঘটনা আরও একবার প্রমাণ করলো শিক্ষা ব্যবস্থাকে ভেঙে ফেলার চেষ্টা চলছে। একজন সাংসদ সভা করতে আসবেন বলে গোটা কলেজের পরীক্ষা বাতিল করে দিতে হচ্ছে, এর থেকে লজ্জার আর কিছুই হতে পারে না। এদিকে, রামানন্দ কলেজের অধ্যক্ষা স্বপ্না ঘোড়ই স্বীকার করে নেন কলেজে পুলিশ থাকার কারণেই পরীক্ষা বন্ধের বিষয়টি। তিনি বলেন, আলোচনা করেই ওই পরীক্ষার তারিখ জানানো হবে। তবে মিটিং-ফিটিং কিছু একটা আছে। আইসির কাছ থেকে এই চিঠি পেয়েই তিনি পরীক্ষা বন্ধের নির্দেশ দিয়েছেন বলেও জানান। যদিও এই বিষয়ে তিনি সোজাসুজি অভিষেকের নবজোয়ার কর্মসূচির নাম নেননি। অবশ্য পরে কলেজ অধক্ষ্যা সুর বদলে বলেন একটি সংগঠন আজ বন্ধ ডেকেছে। আর এর ভালই প্রভাব পড়ছে গোটা বাঁকুড়া জেলায়। এরফলে যান চলাচল ব্যাহত হয়েছে। যার জেরে পড়ুয়া ও অধ্যাপকরা কলেজে আসার পথে সমস্যায় পড়তে পারেন সে কারণে আজ এবং কালকের ঘোষিত নির্ঘণ্টও স্থগিত করে দেওয়া হয়েছে।

এগরায় উদ্ধার হল বাজি ও বাজির মশলা

দুরন্ত বার্তা, এগরা, ২২ মে ঃ ফের খবরের কেন্দ্রে এগরা। দেশবন্ধু গ্রাম পঞ্চায়েতের সাহাড়াদা গ্রামে একটি ডোবা থেকে ৭ বস্তা বারুদ ও বোমা তৈরির মশলা উদ্ধার করলেন গ্রামবাসীরা। এই ঘটনায় এলাকাজুড়ে ব্যাপক চাঞ্চল্য। বাড়ি, জঙ্গল এমনকি পানা ভর্তি ডোবা থেকেও বস্তা বস্তা বারুদ উদ্ধার হচ্ছে। এই ছবি এগরার। সোমবার সকালে এলাকার একটি ডোবা থেকে ৭ বস্তা বারুদ উদ্ধার করলেন গ্রামবাসীরা। এই ঘটনায় শাসকদলের বিরুদ্ধে মাঠে নেমে পড়েছে রাজ্যের বিরোধী দল বিজেপি। সম্প্রতি এগরা খাদিকুল গ্রামে বাজি কারখানায় ভয়াবহ বিস্ফোরণে মালিক সহ ১২ জনের মৃত্যু হয়েছে। এই বিস্ফোরণ সাড়া রাজ্যকে নাড়িয়ে দিয়েছে। খোদ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এই ঘটনা নিয়ে কার্যত উদ্বিগ্ন। এগরা থানার কর্তব্যরত আইসি মৌসম চক্রবর্তীকে শোকজ ও পরবর্তীকালে বদলি করা হয়। এই ঘটনায় তদন্তভার রাজ্য গোয়েন্দা দফতর অর্থাৎ সিআইডির হাতে তুলে দেওয়া হয়। তদন্তে নেমে বাজি কারখানায় বোমা বিস্ফোরণের উপর সিলমোহর দেয় রাজ্যের তদন্তকারী দল। সিআইডি ও এগরা থানার পুলিশ দফায় দফায় এগরা বিধানসভার বিস্তীর্ণ এলাকায় তল্লাশি চালাচ্ছে। এগরা থানার আইসি স্বপন গোস্বামী বলেন, এগরায় খাদিকুলে ঘটনার পর বাড়িতে বাড়িতে তল্লাশি অভিযান চলছে। গ্রেফতারে ভয়ে গভীর রাতে স্থানীয় একটি ডোবাতে বারুদ ও বোমা তৈরির মশলা ফেলে দিয়ে পালায়। উদ্ধার করে নিয়ে আসা হয়েছে। বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে। কাঁথি সাংগঠনিক জেলা বিজেপির সহ-সভাপতি অসীম মিশ্র বলেন, শাসক দল তৃণমূল কংগ্রেস এগরা বিধানসভা'কে সেভ করিডর হিসেবে ব্যবহার করছে। এখানেই বোমা তৈরি করে সারা রাজ্যে সাপ্লাই করা হতো।

মন্দিরে গহনা চুরি

দুরন্ত বার্তা, কোচবিহার, ২২ মে ঃ ঐতিহ্যবাহী কোচবিহারের করুণাময়ী মন্দিরের দুটি গ্রিল, নয়টি তালা ভেঙে চুরির ঘটনা ঘটল। প্রায় ১০ ভরি সোনার গয়না নিয়ে পালাল দুস্কৃতীরা। হেরিটেজের তালিকায় থাকা এই মন্দিরে এমন ঘটনায় নিরাপত্তা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে। করুণাময়ী মন্দির কমিটি সূত্রে জানা গিয়েছে, রবিবার নিত্য পূজার পর মন্দির বন্ধ করা হয়। এরপর এদিন সকালে মন্দির কমিটির অন্যতম সদস্য ধীমান ভৌমিক মন্দিরে এসে দেখেন তালাগুলি ভাঙা অবস্থায় রয়েছে। মন্দির খোলা পড়ে রয়েছে। স্থানীয়রা সেখানে জড়ো হন। খবর পেয়ে কোচবিহার কোতোয়ালি থানার পুলিশ সেখানে পৌঁছায়। মন্দির কমিটির সম্পাদক দীপঙ্কর পাল জানান, তাঁদের এই মন্দিরটি ১১৪ বছরের পুরোনো। প্রতিদিন বহু ভক্ত এই মন্দিরে আসেন। মন্দিরে মায়ের প্রায় দশ ভরির মতো সোনার গয়না ছিল। রূপোর থালা সহ আরও কিছু জিনিসপত্র ছিল। সবই খোয়া গিয়েছে। এই মন্দিরের সঙ্গে স্থানীয়দের আবেগ জড়িয়ে রয়েছে। ঘটনার পূর্ণাঙ্গ তদন্ত দাবি করেন তিনি। এদিকে এমন ঘটনায় মন্দিরে নিরাপত্তার দাবি জানিয়েছেন স্থানীয়রা।

সার্ভিস রিভলবার থেকে গুলি করে আত্মহত্যার চেষ্টায় পুলিশ

দুরন্ত বার্তা, রায়গঞ্জ, ২২ মে ঃ সোমবার সকালে উত্তর দিনাজপুরের রায়গঞ্জ থানার পুলিশ ব্যারাকে চলল গুলি। গুলি চলার শব্দে কেঁপে উঠেছে পুলিশ ব্যারাক সংলগ্ন এলাকা বলে খবর। গুলিবিদ্ধ হয়েছেন এক পুলিশকর্মী। কর্তব্যরত অবস্থায় সার্ভিস রিভলবার থেকে গুলি করে আত্মহত্যার চেষ্টা করেছেন তিনি বলে অভিযোগ। এই ঘটনায় উত্তর দিনাজপুরের রায়গঞ্জ থানা এলাকায় জোর আলোড়ন পড়ে গিয়েছে। স্থানীয় সূত্রে খবর, ওই পুলিশকর্মী একজন কনস্টেবল। সোমবার তিনি ব্যারাকে ডিউটি করছিলেন। হঠাৎ সবার নজর এড়িয়ে ব্যারাকের ভিতরেই অন্য জায়গায় চলে যান তিনি। তার পর নিজের সার্ভিস রিভলভার থেকে নিজেকেই তাক করে গুলি চালান তিনি। তাতে গুলিবিদ্ধ হয়ে মাটিতে লুটিয়ে পড়েন তিনি। এই গুলির শব্দ শুনে বাকি সহকর্মীরা ছুটে এসে দেখেন রক্তাক্ত অবস্থায় পড়ে আছেন ওই কনস্টেবল। তখন তাঁকে তড়িঘড়ি তুলে নিয়ে গিয়ে রায়গঞ্জ মেডিকেল কলেজ ও হাসপাতালে ভর্তি করা হয়। এখন তাঁর শারীরিক অবস্থা অত্যন্ত আশঙ্কাজনক বলে জানা যাচ্ছে। পুলিশ সূত্রে খবর, ওই কনস্টেবলের নাম তাপি থোকদার (৩২)। ওই পুলিশকর্মী নিজের সার্ভিস রিভলবার থেকে গলা লক্ষ্য করে গুলি চালান। কিন্তু সেটি থুতনিতে গিয়ে লাগে। গলায় গুলি লাগলে বাঁচানো যেত না। সোমবার সকালে ব্যারাকে নিজের সার্ভিস রাইফেল থেকে গুলি চালান রায়গঞ্জ থানার ওই কনস্টেবল। তাঁর থুতনির নীচে গুলি লেগেছে। আশঙ্কাজনক অবস্থায় ওই পুলিশ কর্মীকে রায়গঞ্জ মেডিকেল কলেজে ভর্তি করা হয়েছে। গোটা ঘটনার তদন্ত শুরু হয়েছে। কেন এমন চরম সিদ্ধান্ত নিলেন পুলিশকর্মী সেটা এখনও স্পষ্ট নয়। তবে সূত্রের খবর, ইদানিং তাঁর মন খারাপ ছিল। বেশ কিছুদিন তিনি কোনও ছুটি পাননি। তাছাড়া বাড়িতেও সমস্যা ছিল। যার জন্যই সেখানে যেতে চেয়েছিলেন তিনি। এই দু'দিকের চাপে পড়ে মানসিকভাবে ভেঙে পড়েছিলেন কনস্টেবল। তাই নিজেকে পৃথিবী থেকে সরিয়ে দেওয়ার সিদ্ধান্ত নেন। তবে তাপি থোকদারের এই কাণ্ডে সব খতিয়ে দেখা হচ্ছে। পুলিশকর্মীর পরিবারের লোকজন এবং সহকর্মীদের সঙ্গে কথাবার্তা বলা হচ্ছে। হাসপাতালে এই পুলিশকর্মী এখন চিকিৎসাধীন।

রাজা রামমোহন রায়ের প্রতিকৃতিতে মাল্যদান করে শ্রদ্ধা জানাচ্ছেন পূর্ব রেলওয়ের প্রিন্সিপাল চিফ পার্সোনাল অফিসার শ্রীমতি জারিনা ফিরদৌসি সহ পূর্ব রেলওয়ের অন্যান্য আধিকারিকরা। -নিজস্ব চিত্র।

রক্ত দিয়ে রোগী বাঁচালেন চিকিৎসক

দুরন্ত বার্তা, রামপুরহাট, ২২ মে ঃ এক প্রসূতিকে নিজের রক্ত দিয়ে সাক্ষাৎ মৃত্যুর হাত থেকে বাঁচালেন রামপুরহাট মেডিকেল কলেজ হাসপাতালে কর্তব্যরত এক চিকিৎসক এবং চিকিৎসা বিভাগের প্রযুক্তির ছাত্রী। সেই রোগী বর্তমানে বিপন্মুক্ত। চিকিৎসকের এই মানবিকতার নজিরে মুগ্ধ রামপুরহাটবাসী। রোগীর নাম রাণী মুর্মূ। বাড়ি ঝাড়খণ্ডের শিকারী পাড়া থানার ফরাসডাঙায়। দু'দিন আগে প্রসব বেদনা নিয়ে রামপুরহাট মেডিকেল কলেজ হাসপাতালে তিনি ভর্তি হন। সেখানে উপস্থিত ছিলেন এমএসভিপি পলাশ দাস। রোগীর শারীরিক অবস্থা খারাপ হওয়ার জন্য তাঁকে ক্রিটিক্যাল কেয়ার ইউনিটে ভর্তি করা হয়। তাঁর দুই ইউনিট রক্তের দরকার ছিল। কেয়ার ইউনিটের হাউস স্টাফ ড. রাজর্ষি চৌধুরী এবং চিকিৎসা বিভাগের প্রযুক্তির ছাত্রী দেবলীনা মণ্ডল প্রসূতিকে ওই দুই ইউনিট রক্ত দিয়ে বাঁচান। রক্তে হিমোগ্লোবিনের অভাবে রোগীর শ্বাসকষ্ট শুরু হওয়ায় তাঁকে কেয়ার ইউনিটে স্থানান্তরিত করা হয়। তবে ওই দুই ইউনিট রক্ত সময় মতো রোগীকে না দেওয়া হলে তাঁর অকাল মৃত্যু ঘটতো। রামপুরহাট মেডিকেল কলেজ হাসপাতালের এমএসভিপি পলাশ দাস জানান, রামপুরহাট মেডিকেল কলেজ হাসপাতালের চিকিৎসক ও স্টাফেরা সব সময় ভালো পরিষেবা দেওয়ার চেষ্টা করে থাকেন। কারণ সেটাই তাদের কাজ। এমএসভিপি পলাশ দাসও একদিন নিজের রক্ত দিয়ে রোগীর জীবন রক্ষা করেন।

রহস্যজনকভাবে নিখোঁজ এক ছাত্র

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ২২ মে ঃ শনিবার বিকেলে ফুলবাড়ি এক নম্বর গ্রাম পঞ্চায়েতের সাউথ কলোনি, এলাকার বছর ২৩ এর যুবক প্রসেনজিৎ সরকার গত শনিবার থেকে রহস্যজনকভাবে নিখোঁজ হয়ে যায়। তারপরেই নিউ জলপাইগুড়ি থানায় লিখিত অভিযোগ দায়ের করেন পরিবারের সদস্যরা। এরপর রবিবার সন্ধ্যায় ফুলবাড়ীর আমবাড়ী গজলডোবা তিস্তা ক্যানেলের কাঞ্চন বাড়ি এলাকায় ক্যানেল রাস্তা থেকে তার সাইকেল এবং ছাতা উদ্ধার হয়। জানা গেছে প্রসেনজিৎ শিলিগুড়ির একটি ঔষধের ফার্মাসিতে কাজ করতো। সেদিন কাজে যাওয়ার কথা বলে বাড়ি থেকে বেরিয়ে যায়, তারপর থেকে আর বাড়ি ফেরেনি সে। আত্মীয়-স্বজন ও বন্ধুবান্ধব সব জায়গায় খোঁজাখুজি করেও কোনো খোঁজ না পাওয়ায় চিন্তায় পড়েছেন বাড়ির সদস্যরা। সোমবার ক্যানেল পাড়ে এসে কান্নায় ভেঙে পড়েন পরিবারের সদস্যরা। নিখোঁজ প্রসেনজিৎ শিলিগুড়িতে প্রেমচাঁদ কলেজের দ্বিতীয় বর্ষের ছাত্র ছিল।

বেহাল রাস্তা নিয়ে প্রতিবাদ

দুরন্ত বার্তা, তুফানগঞ্জ, ২২ মে ঃ কোচবিহারের ধলপল ১ ও ২ গ্রাম পঞ্চায়েতের নদীভাংতি এলাকা থেকে শালবাড়ি মোড় পর্যন্ত প্রায় ২ কিলোমিটার রাস্তা দীর্ঘ ২০ বছর থেকে বেহাল হয়ে রয়েছে। প্রশাসনকে জানিয়েও সুরাহা হয়নি। প্রতিবাদে তুফানগঞ্জ ভাটিবাড়ি রাজ্য সড়কের নদীভাংতি এলাকায় পথ অবরোধে শামিল হলেন স্থানীয়রা। অভিযোগ, প্রাক বর্ষায় রাস্তা দিয়ে চলাচল করা মুশকিল হয়ে দাঁড়িয়েছে। স্থানীয় বাসিন্দা কুশল দেব ও চন্দ্রেশ্বর দাস জানান, রাস্তাটি মেরামতের কোনও উদ্যোগ নেওয়া হচ্ছে না। বর্তমানে রাস্তাটি চলাচলের অযোগ্য হয়ে উঠেছে। তাই এদিন তাঁরা প্রতিবাদে সরব হয়েছেন। এদিন অবরোধের জেরে রাস্তার দু'দিকে যানজটের সৃষ্টি হয়। প্রায় দু'ঘণ্টা অবরোধ চলে। পরে জয়েন্ট বিডিও'র আশ্বাসে অবরোধ উঠে যায়। তুফানগঞ্জ-১ এর বিডিও দেবঋষি বন্দ্যোপাধ্যায় জানান, বিষয়টি খতিয়ে দেখা হবে।

দক্ষিণ পূর্ব রেলওয়ে টেন্ডার

ই-টেন্ডার বিজ্ঞপ্তি নং: সিপিএমএম/জিইএসএল/টিপি/২০২৩/২৬, তারিখ ২২.০৫.২০২৩। প্রিন্সিপাল চিফ মেটিরিয়ালস ম্যানেজার, দক্ষিণ পূর্ব রেলওয়ে, সদর দপ্তর কার্যালয় (৫ম তল), নিউ আডমিনিস্ট্রেটিভ বিল্ডিং, ১১, গার্ডেনরিচ রোড, কলকাতা-৭০০০৪৩ ভারতের রাষ্ট্রপতির তরফে ওয়েবসাইট www.ireps.gov.in-তে আপলোড হওয়া নিম্নলিখিত সামগ্রীগুলির জন্য ওপেন ই-টেন্ডার আহ্বান করছেন। সকল টেন্ডার দুপুর ২টোয় বন্ধ হবে। ক্র.নং ১, টেন্ডার নং : এটিই২৩৫১৮৬। সংক্ষিপ্ত বিবরণ : এলএইচবি ইওএ এসি কোচের জন্য মেডিমেড অ্যালুমিনিয়াম ফিটার পার্টস ও অ্যাক্সেসরিজের সেট, ইউটিএস৩৮৯, সংশো-৩, অ্যাসেম্ব্লার-১ অনুযায়ী। পরিমাণ: ৮ সেট। খোলার তারিখ : ০৬.০৬.২০২৩। ক্র.নং ২, টেন্ডার নং : ৩০২৩১৭৯৪। সংক্ষিপ্ত বিবরণ : ড্র বিয়ারের জন্য রাবার স্প্রিং (একটি সেটে ১৪টি স্প্রিং উপকরণ সম্বলিত)। পরিমাণ: ৮০০ সেট। খোলার তারিখ : ১৪.০৬.২০২৩। ক্র.নং ৩, টেন্ডার নং : ২৫২৩৩৫৯৯। সংক্ষিপ্ত বিবরণ : লেড ভিত্তিক গ্রিট ফিটিং অ্যাসেম্বলি। পরিমাণ: ২৩০০টি। খোলার তারিখ : ১২.০৬.২০২৩। ক্র.নং ৪, টেন্ডার নং : ২৯২৩০০১৯। সংক্ষিপ্ত বিবরণ : ড্রাফ্ট গিয়ার ব্যাটার ফাই টেনসাইল ট্রানজিশন সি.পি. কাপলার। পরিমাণ: ২৯১টি। খোলার তারিখ : ১৪.০৬.২০২৩। ক্র.নং ৫, টেন্ডার নং : ২৪২৩১২০৬। সংক্ষিপ্ত বিবরণ : ব্রেক ও মিডিয়াম ফলকগ্রাম। পরিমাণ: ৩৩২৫০টি। খোলার তারিখ : ০৪.০৭.২০২৩। ক্র.নং ৬, টেন্ডার নং : ২৫২৩১২৭৬। সংক্ষিপ্ত বিবরণ : রেজিস্টার ফ্রিজ এলিমেন্ট অ্যাসেম্বলি। পরিমাণ: ৫২৯টি। খোলার তারিখ : ১০.০৭.২০২৩। ক্র.নং ৭, টেন্ডার নং : ২৯২৩৩৫৩০। সংক্ষিপ্ত বিবরণ : অতুএলিং লোকোর জন্য বুল গিয়ার (৭২ টিথ)। পরিমাণ: ৯১৩টি। খোলার তারিখ : ১০.০৭.২০২৩। ক্র.নং ৮, টেন্ডার নং : ২৯২৩১৫১৪। সংক্ষিপ্ত বিবরণ : ৩-ফেজ লোকোর জন্য মোটর সাসপেনশন ইউনিট। পরিমাণ: ২৫৮ সেট। খোলার তারিখ : ১৪.০৭.২০২৩। ক্র.নং ৯, টেন্ডার নং : ২৯২৩৩০১০। সংক্ষিপ্ত বিবরণ : অয়েল গইড লিফের জন্য স্প্রেরিং পরিমাণ: ৩২৩৮টি। খোলার তারিখ : ১৭.০৭.২০২৩। ক্র.নং ১০, টেন্ডার নং : আইএইচ২৩৫১৩৬৪। সংক্ষিপ্ত বিবরণ : ১৩২ কেভি ট্রান্সমিশন লাইনের জন্য আর্থ স্টিল (গ্রাউন্ড) ওয়ার (৭/৩.১৫ মিমি) গ্যালভানাইজড স্টিল। পরিমাণ: ৭০০০০ মিটার। খোলার তারিখ : ০৯.০৬.২০২৩। ক্র.নং ১১, টেন্ডার নং : আইএইচ২৩৫১৯৬। সংক্ষিপ্ত বিবরণ : ১৩২ কেভি ট্রান্সমিশন লাইনের জন্য ইনসুলেটর ডিস্ক (১২০ কেএন) যুক্ত পলিমার টেনশন ইনসুলেটর। পরিমাণ: ১০০০টি। খোলার তারিখ : ০৯.০৬.২০২৩। ক্র.নং ১২, টেন্ডার নং : ৪৪২৩৫০৭৫। সংক্ষিপ্ত বিবরণ : বিওএক্সএনএইচএল ওয়াগনের জন্য সাসপেন্ডিড ব্রেক ডোর অ্যাসেম্ব্লেজের সম্পূর্ণ - আরডিএসও ড্রইং নং অতুডি-২৩০১৮-এস০২, আইটেম নং - ৩, ৪, ৫(এ), ৫(বি), ৫(সি), ১০, ১১, ১২, ১৩, ১৪ ও ১৭ সংযুক্ত অবস্থায়। পরিমাণ: ৫০০টি। খোলার তারিখ : ০৮.০৬.২০২৩। ক্র.নং ১৩, টেন্ডার নং : ২৯২৩১৩৮৭। সংক্ষিপ্ত বিবরণ : প্রসরার মেন স্প্রিং, ১০৭ টিথ। পরিমাণ: ২২৬টি। খোলার তারিখ : ২৬.০৬.২০২৩ ইএমডি : ৬৫,১৭০ টাকা (ক্র.নং ১-এর জন্য), ৫২,৮১০ টাকা (ক্র.নং ২-এর জন্য), ১,৩৬,৭৪০ টাকা (ক্র.নং ৩-এর জন্য), ৬,২১,৭৬০ টাকা (ক্র.নং ৪-এর জন্য), ৭,৮৩,৯২০ টাকা (ক্র.নং ৫-এর জন্য), ২,৬৫,৯২০ টাকা (ক্র.নং ৬-এর জন্য), ২,৩৫,৯৩০ টাকা (ক্র.নং ৭-এর জন্য), ১৩,০২,১৯০ টাকা (ক্র.নং ৮-এর জন্য), ৬,০৯,৭৬০ টাকা (ক্র.নং ৯-এর জন্য), ৫১,৭৪০ টাকা (ক্র.নং ১০-এর জন্য), ৭১,৬৮০ টাকা (ক্র.নং ১১-এর জন্য), ৭৩,১৫০ টাকা (ক্র.নং ১২-এর জন্য) ও ৬,৬৬,১৭০ টাকা (ক্র.নং ১৩-এর জন্য)। টেন্ডারের সম্পূর্ণ বিবরণ/ স্পেসিফিকেশনের জন্য ইচ্ছুক টেন্ডারদাতারা www.ireps.gov.in ওয়েবসাইট দেখতে পারেন এবং অনলাইনে তাঁদের বিড জমা করতে পারেন। এই কাজের জন্য ম্যানুয়াল টেন্ডার কোনভাবেই গৃহীত হবে না। দ্রষ্টব্য : সকল টেন্ডারে অংশগ্রহণ করতে সম্ভাব্য বললাতা নিয়মিতভাবে "www.ireps.gov.in" দেখুন। (PR-180)

হাওড়া পৌর নিগম

কেন্দ্রীয় কার্যালয় ঃ ৪, মহাত্মা গান্ধী রোড, হাওড়া-৭১১১০১
টেলি ঃ ০৩৩ ২৬৩৮-৩২১১/ ১২ / ১৩, ফ্যাক্স ঃ ০৩৩ ২৬৪১ ০৮৩০, দেখুন-www.myhmc.in
সাফাই বিভাগ

সংক্ষিপ্ত টেন্ডার বিজ্ঞপ্তি সংবাদপত্রে প্রকাশের জন্য

এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার, এইচ.এম.সি. টেন্ডার আহ্বান করছেন নিম্নে উল্লেখিত অনুসারে, আগ্রহী ঠিকাদারদের জমা করতে হবে দরপত্রের সঙ্গে প্যান কার্ড, আপ টু ডেট জিএসটি, ট্রেড লাইসেন্স, পিটিসিসি, আইটিসিসি, ইএসআই, ইপিএফ ও শংসাপত্র।

ক্র. নং.	কাজের নাম	টেন্ডার নং. তারিখ
১	বার্ষিক পরিচালনা ও রক্ষণাবেক্ষণ ০২টি প্রতিটি ১০.৫ কাম পোর্টেবল কম্পাক্টর এবং ১টি হুক লোডার বেলিলিয়াস রোডে- ইস্ট ওয়েস্ট রোড ক্রসিং কম্পাক্টর স্টেশন হাওড়াতে। ওয়ার্ডনং-১৭ অধীন এইচএমসি।	নং. ২৭৯ / কনস. / ২২-২৩ তারিখ -১৯.০৫.২০২৩

দরপত্র জমা বন্ধ (অনলাইন) ঃ ০৫.০৬.২০২৩ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত।
দয়াকরে দেখুন ঃ https://www.wbtenders.gov.in।

৩৭(৩) / ২৩-২৪ ২২.০৫.২০২৩

এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার
হাওড়া পৌর নিগম

টি. স্পিরিচুয়াল ওয়ার্ল্ড লিমিটেড

CIN: L63040WB1986PLC040796
রেজি. অফিস ঃ ৪, নেতাজি সুভাষ রোড, ১ম ফ্লোর,
কলকাতা, পশ্চিমবঙ্গ-৭০০০০১
ই-মেলঃ info@ltspiritualworld.com, ওয়েবসাইট ঃ www.tspiritualworld.com

সংক্ষিপ্ত অনিরীক্ষিত স্বতন্ত্র আর্থিক বিবরণী ত্রৈমাসিক
এবং বছর সমাপ্তে ৩১ মার্চ, ২০২৩
(দেখুন ধারা ৪৭(১) (বি) সেবি (এলওআরডি) ধারা, ২০১৫)

(লক্ষ টাকায়)

ক্র নং.	বিবরণ	ত্রৈমাসিক শেষে			ত্রৈমাসিক শেষে	
		৩১ মার্চ ২০২৩	৩১ ডিসে ২০২২	৩১ মার্চ ২০২২	৩১ মার্চ ২০২৩	৩১ মার্চ ২০২২
		নিরীক্ষিত	অনিরীক্ষিত	নিরীক্ষিত	নিরীক্ষিত	নিরীক্ষিত
১	মোট আয় কারবার থেকে	০.১৮০	-	-	০.১৮০	৫.২০৬
২	মোট লাভ / (ক্ষতি) মেয়াদে (কর, ব্যতিক্রমী এবং / অথবা অসাধারণ আইটেম পূর্বে)	(৩.৭২৭)	(২.৮১৭)	(৩.২৪৪)	(১৮.২৪৬)	(১২.৩৭৭)
৩	মোট লাভ / (ক্ষতি) মেয়াদে করের পূর্বে (ব্যতিক্রমী এবং / অথবা অসাধারণ আইটেম পর)	(৩.৭২৭)	(২.৮১৭)	(৩.২৪৪)	(১৮.২৪৬)	(১১৮.২৩৯)
৪	মোট লাভ / (ক্ষতি) মেয়াদে করের পর (ব্যতিক্রমী এবং / অথবা অসাধারণ আইটেম পর)	(৩.৭২৭)	(২.৮১৭)	(৩.২৪৪)	(১৮.২৪৬)	(১১৮.২৩৯)
৫	মোট ব্যাপক আয় মেয়াদে (সংযুক্ত লাভ / (ক্ষতি) মেয়াদে (করের পর) এবং অন্যান্য ব্যাপক আয় (করের পর)	(৩.৭২৭)	(২.৮১৭)	(৩.২৪৪)	(১৮.২৪৬)	(১১৮.২৩৯)
৬	ইক্যুইটি শেয়ার মূলধন	২০০০.২০০	২০০০.২০০	২০০০.২০০	২০০০.২০০	২০০০.২০০
৭	সংরক্ষিত (রেভিলিউশান রিজার্ভ ছাড়া যা দেখানো হয়েছে পূর্বেকার বছরের নিরীক্ষিত ব্যালেন্স শিটে)	-	-	-	(১৮২৭.৩৬৫)	(১৮০৯.১২০)
৮	শেয়ার প্রতি আয় (১০ /- টাকা প্রতি) (বার্ষিকীকৃত নহে বছর সমাপ্ত ছাড়া) মূল ও মিশ্র	(০.০১৯)	(০.০১৪)	(০.০১৬)	(০.০৯১)	(০.৫৯১)

দ্রষ্টব্য ঃ
উপরোক্ত ফলাফল সংক্ষিপ্ত রূপ বিস্তারিত ফরম্যাট ত্রৈমাসিক এবং বছর সমাপ্তে নিরীক্ষিত আর্থিক ফলাফল যা সম্পূর্ণ করা হয়েছে স্টক এক্সচেঞ্জে অধীন ধারা ৩৩ সেবি (লিস্টিং অব্লিগেশানস অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) ধারা, ২০১৫। বিস্তারিত ফরম্যাট অনিরীক্ষিত আর্থিক ফলাফল পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জ ওয়েবসাইট-www.bseindia.com ও www.cse-india.com। একই পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইট-www.tspiritualworld.com।

বোর্ডের আদেশানুসারে
টি. স্পিরিচুয়াল ওয়ার্ল্ড লিমিটেড-এর পক্ষে
নেত্র বাহাদুর রনভাট
সর্বক্ষণের পরিচালক
DIN No.:06716666

তারিখ ঃ ২২ মে, ২০২৩
স্থান ঃ কলকাতা

লিখামি কনসালন্টিং লিমিটেড

CIN: L45209WB1982PLC034804
রেজি. অফিস ঃ ৬২এ, ড. মেঘনাদ সাহা সরণী,
রুম নং.১, ২য় ফ্লোর, সার্দান এভিনিউ, কলকাতা-৭০০০২৯, ভারত
ই-মেলঃ info@likhamiconsulting.com, ওয়েবসাইট ঃ www.likhamiconsulting.com

সংক্ষিপ্ত অনিরীক্ষিত স্বতন্ত্র আর্থিক বিবরণী ত্রৈমাসিক
এবং বছর সমাপ্তে ৩১ মার্চ, ২০২৩
(দেখুন ধারা ৪৭(১) (বি) সেবি (এলওআরডি) ধারা, ২০১৫)

(লক্ষ টাকায়)

ক্র নং.	বিবরণ	ত্রৈমাসিক শেষে			ত্রৈমাসিক শেষে	
		৩১ মার্চ ২০২৩	৩১ ডিসে ২০২২	৩১ মার্চ ২০২২	৩১ মার্চ ২০২৩	৩১ মার্চ ২০২২
		নিরীক্ষিত	অনিরীক্ষিত	নিরীক্ষিত	নিরীক্ষিত	নিরীক্ষিত
১	মোট আয় কারবার থেকে	১২.৭৫০	২.০০০	১৫.০০০	৬১.৯৪১	৪৮.৫৭২
২	মোট লাভ / (ক্ষতি) মেয়াদে (কর, ব্যতিক্রমী এবং / অথবা অসাধারণ আইটেম পূর্বে)	২.৭৩২	(৪.৭৫৩)	৫.২০৪	২৩.২৭২	১৩.৫৬৭
৩	মোট লাভ / (ক্ষতি) মেয়াদে করের পূর্বে (ব্যতিক্রমী এবং / অথবা অসাধারণ আইটেম পর)	২.৭৩২	(৪.৭৫৩)	(৪১৩.৫৮১)	২৩.২৭২	(৪০৫.২১৮)
৪	মোট লাভ / (ক্ষতি) মেয়াদে করের পর (ব্যতিক্রমী এবং / অথবা অসাধারণ আইটেম পর)	২.৭৩২	(৪.৭৬৬)	(৪১৩.৫৮১)	১৭.২০৩	(৪০৮.৭৯৭)
৫	মোট ব্যাপক আয় মেয়াদে (সংযুক্ত লাভ / (ক্ষতি) মেয়াদে (করের পর) এবং অন্যান্